বিনোদন ডেস্ক: বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে ঐক্যবদ্ধ বৈঠক করছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গত মঙ্গলবার রাতে গুলশানে বিএনপি চেয়ারপারসনের বাসভবন ফিরোজায় এ বৈঠক হয়। জানা গেছে, মির্জা ফখরুল রাত ৮টার পর খালেদা জিয়ার বাসভবনে যান। রাত ৯টার দিকে বাসা থেকে বের হন। বিষয়টি নিশ্চিত করে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বলেন, খালেদা জিয়ার স্বাস্থ্যের বিষয়ে খোঁজ নিতে মির্জা ফখরুল প্রায়ই দেখা করেন। একই বিষয়ে আজও দেখা করেছেন। এর আগে, গত ৮ জুলাই সন্ধ্যায় ফিরোজায় গিয়েছিলেন মির্জা ফখরুল। এদিকে, একদফা দাবিতে আগামী ২৭ জুলাই ঢাকায় মহাসমাবেশ করার ঘোষণা দেন মির্জা ফখরুল। তিনি বলেন, এ সরকারের অধীনে কোনো সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়, তা শুধু বিএনপি নয়, বাংলাদেশের সব গণতান্ত্রিক রাজনৈতিক দল একমত হয়েছে। অন্যদিকে, একইদিনে ঢাকায় 'শান্তি সমাবেশ'র ঘোষণা দিয়েছে আওয়ামী লীগের তিন অঙ্গ সংগঠন যুবলীগ, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ। এ বিষয়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সংঘাতমূলক অবস্থা সৃষ্টি করতেই তারা বিএনপির কর্মসূচির দিন পাল্টা কর্মসূচি ঘোষণা করেছে, যা কোনো মতেই গ্রহণযোগ্য হতে পারে না। কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সরকারকে সমস্ত দায়-দায়িত্ব বহন করতে হবে। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া দুর্নীতির মামলায় দণ্ডিত হয়ে ২০১৮ সালে কারাগারে গিয়েছিলেন। দেশে করোনা মহামারি শুরুর পর পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে ২০২০ সালের ২৫ মার্চ তাকে নির্বাহী আদেশে 'সাময়িক মুক্তি' দেয় সরকার। এরপর থেকে তার দণ্ডাদেশ স্থগিতের মেয়াদ ছয় মাস করে বাড়ানো হচ্ছে।